গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২০-১৪০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮
৩ জুন ২০২১

বিষয়: দেশের তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিভিন্ন বেসরকারি মাদ্রাসার অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় থেকে বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P (EFT) পদ্ধতিতে "ব্যাংক হিসাবে" প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যের ভুল সংশোধন ও নতুন শিক্ষার্থীর তথ্য সংযোজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরণের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে অনলাইনে EFT -এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য অদ্যবধি এন্ট্রি প্রদান করেনি এবং কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্য ব্যাংক হিসাব নম্বর,ব্যাংক ও শাখার নাম, জেলা পরীক্ষার সালসহ বিভিন্ন ধরনের ভুল রয়েছে। এছাড়া কিছু শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বরসহ ব্যাংক সংক্রান্ত কিছু তথ্য যথাযথ না থাকায় EFT Bounced Back হয়েছে। ফলশ্রুতিতে ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থ বছরের সকল শিক্ষার্থীর প্রাপ্য টাকা তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা সম্ভব হচ্ছে না।

২। এমতাবস্থায়, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) উল্লিখিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ দ্রুত প্রেরণের লক্ষ্যে বর্ণিত তথ্যসমূহ আগামী ০৮.০৬.২০২১ খ্রি. তারিখের মধ্যে MIS অনলাইন সফটওয়্যার লিংকে প্রবেশ করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য এন্ট্রি ও ভুল সংশোধনের জন্য অনুরোধ করা হলো।

<u>বিশেষ দ্রষ্টব্য:</u> যে সকল শিক্ষার্থী ২০১৯-২০ অর্থবছরে তাদের ব্যাংক হিসাব বৃত্তির টাকা পেয়েছে এবং পরবর্তী শ্রেণীতে উর্ত্তীণ হয়েছে তাদের ২০২০-২০২১ অর্থবছরের জন্য নতুন করে তথ্য এন্ট্রি দিতে হবে না। তবে তিনটি সরকারি আলিয়া মাদ্রাসায় ফাযিল ও কামিল শ্রেণীতে অধ্যায়নরত শিক্ষার্থীদের ২০২০ সালে দাখিল ও আলিম বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য ক্ষেত্রে MIS Software এ নতুন তথ্য এন্ট্রি ও ভুল তথ্য সংশোধন করতে হবে। এছাড়া Bounced back কৃত শিক্ষার্থীদের অবশ্যই ব্যাংক সংক্রান্ত তথ্য MIS এ সংশোধন করতে হবে।

<u>MIS সফটওয়ারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :</u>

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। পাঠ বিরতি রয়েছে এরুপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
০৩। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে /১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০৪। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS- এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;
০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৭। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
১০। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
১১। তথ্য এন্ট্রি দেয়ার শেষ সময় ০৮/০৬/২০২১ খ্রি. পর্যন্ত ।

উল্লিখিত পদ্ধতি ব্যতিত কোন ক্রমেই বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব হবে না।

তথ্য পুরণ এর জন্য লিংক নিম্নরূপ:

# HSP & Scholarship MIS এর URL (লিংক): http:103.48.16.5/DME-MIS/login.

# প্রশিক্ষণ ও অন্যান্য তথ্যের জন্য: https://WWW.facebook.com/groups/spbmu


(মোহাম্মদ শামসুজ্জামান)
উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন: ৪১০৩০১৬৪
ddfinancedme@gmail.com


বিতরণ:

১। অধ্যক্ষ........সরকারি মাদ্রাসা-ই-আলিয়া,ঢাকা/
সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা,সিলেট/
সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা,বগুড়া।

২। অধ্যক্ষ/সুপার –সকল এমপিওভুক্ত ও ননএমপিওভুক্ত
মাদ্রাসা

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২০-১৪০/৯ তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮ / ৩ জুন ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৩। জেলা প্রশাসক ..........(সকল)
৪। নির্বাহী পরিচালক, এসপিএফএমএসপি প্রজেক্ট, ইন্জিয়ারিং ইনস্টিটিউট, অর্থ বিভাগ, ঢাকা-১০০০।
৫। উপজেলা নির্বাহী অফিসার...........সকল
৬। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (২০২০ সালের দাখিল পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P (EFT) পদ্ধতিতে "ব্যাংক হিসাবে" প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান হতে বিষয়টি Software- এ এন্ট্রি প্রসঙ্গে - শিরোনামে আদেশটি মাশিঅ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। জেলা শিক্ষা অফিসার ....সকল (তাঁর অধিক্ষেত্রের সকল মাদ্রাসাকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ......সকল (তাঁর অধিক্ষেত্রের সকল মাদ্রাসাকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।


(মো: লুৎফর রহমান)
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা